

শীতের সৌন্দর্য্য

ডা. সুরাইয়া হেলেন

শীতের বৈধবেরও আলাদা
একটা অহঙ্কার আছে,
তার রিক্ত বেদনার, শুভ্র সজ্জারও
অন্যরকম এক সৌন্দর্য্য আছে,
সবার কাছে ধরা দেয় না !
দেখার মত চোখ আর উপলব্ধি
উপভোগ করার মত হৃদয় লাগে,
তুমি তেমন অন্তর, দিব্যদৃষ্টির
অধিকারী কবে হবে ?
না কি আমার অজান্তে
অনেক বেশি অর্জন তোমার ?

আমার পছন্দের এক মানুষের
প্রিয় ঋতু শীত !
তার নিঃসঙ্গতা, তার শুভ্রতার মত
সেই মানুষটি নিজেকে আবৃত রাখতে,
শতের পোশাকে সাজাতে,
ভারি পছন্দ করে !
শীতের মত নিরহঙ্কারী মানুষটির মত
তুমি কি নিজেকে বদলাতে পারবে ?
আমি সেই অপেক্ষায় রইলাম...